# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

১.▶ শিক্ষা হচ্ছে বাধ্যতামূলক একটি পদ্ধতি। আর সাহিত্য হচ্ছে আত্মার লীলা মাত্র। শিক্ষা হচ্ছে সেই বস্তু যা লোকে অনিচ্ছা সত্ত্বেও গলাঃধকরণ করতে বাধ্য হয়। অপরপক্ষে কাব্যরস শুধু স্বেচ্ছায় নয় সানন্দে পান করে। শাস্ত্র মতে, সে রস অমৃত। সুতরাং, শিক্ষা ও সাহিত্য সম্পূর্ণ বিপরীত।

ক. মানুষের সর্বশ্রেষ্ঠ শখ কোনটি? ১

খ. 'লাইব্রেরি হচ্ছে এক রকম মনের হাসপাতাল' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ. আমাদের স্কুল-কলেজের শিক্ষার নেতিবাচক পরিণাম উদ্দীপক ও 'বইপড়া' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শিক্ষার মাধ্যমে আত্মোন্নতি সম্ভব'- উক্তিটি উদ্দীপক ও 'বইপড়া' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

২.▶ বিষ প্রয়োগকারীর পরিচয় জানতে পেরেও হযরত ইমাম হাসান (রা.) তাকে ক্ষমা করে দেন। আর প্রতিজ্ঞা করেন, বিষ প্রয়োগকারীকে ছাড়া তিনি বেহেশতে পা রাখবেন না। এমনকি ছোট ভাই হোসেনকে বিষ প্রদানকারীর পরিচয় জানতে পারলেও তাকে ক্ষমা করার অনুরোধ করেন।

ক. হযরত মুহম্মদ (সা.) এর মাজার কোথায়? ১

খ. 'তিনি আজ জীবন নদীর ওপারে চলিয়া গেলেন।'-বুঝিয়ে লেখো। ২

গ. অনুচ্ছেদে যে ক্ষমার আদর্শ বিদ্যমান তা মানুষ মুহম্মদ (সা.) প্রবন্ধের আলোকে বর্ণনা করো। ৩

ঘ. হযরত ইমাম হাসান(রা.) ও মুহম্মদ (সা.) উভয়েই কুটিল, নীচ চরিত্র দ্বারা নির্যাতিত হয়েছেন- উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ আসলাম সাহেবের বয়স ষাটের কাছাকাছি। বয়সের ভারে ন্যুজ। এক সময় তিনি পুরো সংসারের দায়িত্ব পালন করলেও এখন আর তার সামর্থ্য নেই। ফলে তার পরিবারের সদস্যরা তাকে বোঝা স্বরূপ মনে করে বৃদ্ধাশ্রমে রেখে আসে।

ক. 'নিমগাছ' গল্পটি কোন গ্রন্থের অন্তর্গত? ১

খ. নিমগাছের পাতা গরম তেলে ভাজা হয় কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'নিমগাছ' গল্পের কী সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্রভাবকে নয় বরং বিশেষ একটি দিককে তুলে ধরেছে- যুক্তিসহ উপস্থাপন কর। ৪

৪.▶ আমরা পুরুষের ন্যায় সুশিক্ষা অনুশীলনের সম্যকে সুবিধা না পাওয়ায় পশ্চাতে পড়িয়া আছি। সমান সুবিধা পাইলে আমরাও কি শ্রেষ্ঠত্ব লাভ করিতে পারিতাম না? অশৈশব আত্মনিন্দা শুনিতেছি, তাই এখন আমরা অন্ধভাবে পুরুষের শ্রেষ্ঠত্ব স্বীকার করি এবং নিজেকে অতি তুচ্ছ মনে করি।

ক. কাজী নজরুল ইসলাম কত সালে সেনাবাহিনীতে যোগ দিয়েছিলেন? ১

খ. কাদের অন্তর কাচের ন্যায় স্বচ্ছ?- বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকটিতে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে বিষয়ের প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'আমরা' এবং 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের 'ছোটলোক' এর জীবন এক সুতোয় গাঁথা'- যথার্থতা মূল্যায়ন কর। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ নানান দেশের নানান ভাষা
বিনে স্বদেশী ভাষা মিটে কি আশা?
কতো নদী সরোবর কী বা ফল চাতকীর
ধরাজল বিনে কভু ঘুচে কি তৃষা?

ক. কবি আবদুল হাকিম কোন গ্রামে জন্মগ্রহণ করেন? ১

খ. কবি আবদুল হাকিমের বাংলায় সাহিত্য রচনা করার কারণ কী? বুঝিয়ে লেখো? ২

গ. উদ্দীপকে 'বঙ্গবাণী কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. "উদ্দীপকটি 'বঙ্গবাণী' কবিতার মূল সুরকে পেশ করেছে কি? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৬.▶ বহুদিন পরে মনে পড়ে আজি পল্লী মায়ের কোল, ঝাউশাখে সেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল। কুলের কাঁটার আঘাত সহিয়া কাঁচা-পাকা কুল খেয়ে, অমৃতের স্বাদ যেন লভিয়াছি গাঁয়ের দুলালী মেয়ে।

ক. আহসান হাবীবের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ১

খ. বৈঠায়-লাঙলে কবির হাতের স্পর্শ লেগে আছে কীভাবে? ২

গ. উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সাথে কোনো দিক থেকে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সমগ্রভাব প্রকাশিত হয়নি।- যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৭.▶ 'একবার মরে ভুলে গেছে আজ মৃত্যুর ভয় তারা। শাবাশ বাংলাদেশ, এ পৃথিবী অবাক তাকিয়ে রয়; জ্বলে-পুড়ে মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়।'

ক. কবি কামাল চৌধুরী কী বিষয়ে গবেষণা করে পিএইচডি ডিগ্রি অর্জন করেন? ১

খ. 'চির কবিতার দেশ' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সাথে 'সাহসী জননী বাংলা' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ভাবনা 'সাহসী জননী বাংলা' কবিতার সামগ্রিক পরিচয় নয়।- মূল্যায়ন করো। ৪

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

৮.▶ ১৯৭১ সালের নভেম্বর মাসের মাঝামাঝি সময়ে মুক্তিযোদ্ধা আমানের নেতৃত্বে বোমা মেরে একটি ব্রিজ ধ্বংস করে দেওয়া হয়। থানা সদর থেকে প্রায় সত্তর কি.মি. দূরে মল্লিকপুর গ্রাম সংলগ্ন এ ব্রিজটি উড়িয়ে দেওয়া হয়। এতে প্রায় ২০ জন পাকিস্তানি হানাদার মৃত্যু মুখে পতিত হয়।

ক. বুধা দুঃখকে কী ভাবে? ১

খ. আহাদ মুন্সির দলের লোকেরা মিলিটারি ক্যাম্পের পাশে ঘোরাঘুরি করে কেন? ২

গ. "উদ্দীপকের আমান 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র ভাব ধারণ করে না"-যথার্থতা নির্ণয় করো। ৪

https://teachingbd24.com

৯.▶ ১৯৭১ সাল। আমাদের ইতিহাসে এক গৌরবময় অধ্যায়। পাক-হানাদার বাহিনীর নির্মম আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল আপামর জনতা। তারা দৃঢ়প্রতিজ্ঞ ছিল শত্রুর মোকাবিলা করবে। দেশকে মুক্ত ও স্বাধীন করবে।

ক. ছোটদের জন্য সেলিনা হোসেনের প্রকাশিত উপন্যাসের সংখ্যা কয়টি? ১

খ. বুধা চাচির প্রতি কৃতজ্ঞ হয়ে ওঠে কেন? ২

গ. উদ্দীপকের কোন অংশে বুধা চরিত্রের প্রতিফলন ঘটেছে? কেন? ৩

ঘ. উদ্দীপক 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনাকে ধারণ করেছে কি? তোমার মতামত দাও। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

১০.▶ নবকুমারকে বনে ফেলেই তার সহযাত্রীরা চলে গেল। নবকুমার ঘুরতে ঘুরতে এক কাপালিকের সন্ধান পেল। কাপালিক তাকে আশ্রয় দিল কিন্তু তার মনে দুরভিসন্ধি ছিল। কাপালিকদের পূজার জন্য নরবলি দিতে হয়। নবকুমারকে বলি দেয়ার পূর্ব মুহূর্তে কাপালিকের পালিত কন্যা কপাল কুন্ডলা নবকুমারকে নিয়ে পালিয়ে যায়।

ক. 'সূর্যাস্ত আইন' কত সালে প্রণীত হয়? ১

খ. হাতেম আলির মনে শান্তি নেই কেন? ২

গ. কপাল কুন্ডলা ও হাশেমের মাঝে সাদৃশ্য নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের কাপালিক 'বহিপীর' নাটকের বহিপীরের প্রতিনিধি।-মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১.▶ রামরহিম সিং ভারতের ধর্মগুরু। কোটি মানুষ তার ভক্ত। সম্প্রতি তার কিছু নেতিবাচক কর্মকাণ্ড পত্রপত্রিকায় আসে। ধর্মের ছদ্মাবরণে অনৈতিক কার্যকলাপের দায়ে তার কারাদণ্ড হয়। কিন্তু ভক্তরা সেটা মেনে নিতে পারেনি। বিক্ষোভ হয়, সংঘর্ষ বাধে। প্রাণহানি ঘটে।

ক. 'বহিপীর' নাটকে হাতেম আলির বন্ধুর নাম কী? ১

খ. 'আমাকে বিবি সাহেব ডাকবেন না।'- তাহেরা এ কথা কেন বলেছিল? ২

গ. উদ্দীপকে বর্ণিত রামরহিমের সঙ্গে 'বহিপীর' চরিত্রের কোন মিল আছে কি? আলোচনা করো। ৩

ঘ. পীর আর ধর্মগুরুদের মধ্যে যে সাদৃশ্য পরিলক্ষিত হয় তা আলোচনা করো। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. 'কিসের এত চেঁচামেচি'— কার সংলাপ?
ক বহিপীর
খ হাশেম আলি
গ হাতেম আলি
ঘ খোদেজা

২. 'বহিপীর' নাটক কত সালে প্রকাশিত হয়?
ক ১৯৫৫ খ ১৯৬০
গ ১৯৪৮ ঘ ১৯৪৫

৩. 'ঝর্ণার গান' কবিতায় ঝর্ণা কোন ফুলের নুপুর পরেছে?
ক শিমুল খ পলাশ
গ টগর ঘ বেলি

৪. বুধারা কয় ভাই-বোন?
ক ৪ জন খ ৫ জন
গ ২ জন ঘ ৩ জন

নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
সার্থক জনম আমার জন্মেছি এই দেশে
সার্থক জনম আমার তোমায় ভালোবেসে।

৫. উদ্দীপকটিতে 'আমার পরিচয়' কবিতার কোন ভাব প্রকাশ পেয়েছে?
ক স্বদেশের শ্রেষ্ঠত্ব
খ বিদেশের প্রাধান্য
গ চিত্রকলার বৈশিষ্ট্য
ঘ ভাষার ঐতিহ্য

৬. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ বাক্য কোনটি?
i. আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি
ii. আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি
iii. চলি পলিমাটি চরণে আমার চলার চিহ্ন ফেলে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৭. শিক্ষার আসল কাজ কী?
ক জ্ঞান পরিবেশন খ উপার্জনক্ষম করা
গ সৃজনশীলতা ঘ মূল্যবোধ সৃষ্টি

৮. কবি মানুষের আয়ুকে 'শৈবালের নীর' বলেছেন কেন?
ক মানুষ মরণশীল বলে
খ মানুষ চিরন্তন বলে
গ জীবন দুর্লভ বলে
ঘ জীবন স্থায়ী বলে

৯. কাকতাড়ুয়া উপন্যাসের প্রকাশকাল কোনটি?
ক ১৯৯৭ খ ১৯৯৬
গ ১৯৯৪ ঘ ২০০৪

১০. 'সতত হে নদ, তুমি পড় মোর মনে'— এ চিত্রকল্পে ফুটে উঠেছে—
i. ভ্রান্তি বিলাপ
ii. চৈতন্য উদয়
iii. স্মৃতি রোমন্থন
নিচের কোনটি সঠিক?
ক i খ iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. 'একদা ছিল না জুতা চরণে যুগলে, দাহিল হৃদয় মম সেই ক্ষোভানলে' এখানে জুতা আবিষ্কার কবিতার কার ক্ষোভের সাদৃশ্য রয়েছে?
ক হবু খ গবু
গ পণ্ডিত ঘ চর্মকার

১২. 'হতবুদ্ধির মতো দাঁড়াইয়া রহিল'— কে?
ক অভাগী খ কাঙালি
গ রসিক ঘ বিন্দির পিসি

১৩. নিচের কোনটি প্রমথ চৌধুরীর রচনা?
ক ছবি
খ রায়তের কথা
গ কুহেলিকা ঘ বলাকা

১৪. যারা সোনা-রুপাসহ বিত্ত-বৈভব জমা করে, তাদের কী বলা যায়?
ক ধনী খ বড়লোক
গ আত্মকেন্দ্রিক ঘ জমিদার

১৫. সুভার চোখের ভাষা—
i. অসীম-উদার
ii. দুর্বোধ্য
iii. অতলস্পর্শ গভীর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. তায়েফ সৌদি আরবের কোন অঞ্চলের উর্বর প্রদেশ?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ

Teachingbd24.com

১৭. 'নিম গাছটার ইচ্ছা করতে লাগল লোকটার সঙ্গে চলে যায়'— এখানে প্রকাশ পেয়েছে—
ⓚ মুক্তির অদম্য বাসনা
ⓛ ভালোবাসার ব্যাকুলতা
ⓖ বন্দিদের যন্ত্রণা
ⓘ বাড়ির মানুষের প্রতি ঘৃণা

১৮. প্রকৃতি ও মানুষের জীবনের অভিন্ন সম্পর্কের রূপকার কোন লেখক?
ⓚ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓛ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓘ মাইকেল মধুসূদন দত্ত

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
মান্নান সাহেব একজন বড় শিল্পপতি। তার নিজের তিনটি গার্মেন্টস আছে। তার পাশাপাশি তিনি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সাথে জড়িত। এতে সমাজের অনেক অগ্রগতি হয়।

১৯. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ অনুসারে মামুন সাহেবের চরিত্রে পাওয়া যায়—
ⓚ অর্থ চিন্তার প্রভাব
ⓛ মূল্যবোধের প্রভাব
ⓖ জীবসত্তার প্রভাব
ⓘ শিক্ষা ও মনুষ্যত্বের প্রভাব

২০. প্রবন্ধ অনুসারে মামুন সাহেব মুক্ত ছিলেন—
i. জীবসত্তা থেকে
ii. মানবসত্তা থেকে
iii. অর্থচিন্তার নিগড় থেকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓖ i ও iii ⓘ iii

২১. ভজনালয়ের মিনারে চড়ে মোল্লা সাহেব কীসের জয়গান করে?
ⓚ স্বার্থের ⓛ সাম্যের
ⓖ লোভের ⓘ মানবতার

২২. শিক্ষা কেউ কাউকে দিতে পারে না। কারণ শিক্ষা হলো—
ⓚ চর্চার বিষয়
ⓛ অর্জনের বিষয়
ⓖ অধ্যয়েন বিষয়
ⓘ অনুশীলনের বিষয়

২৩. নিচের কোনটি সন্তানের অমঙ্গলের প্রতীক?
ⓚ ঘোর আন্ধার
ⓛ হুতুমের ডাক
ⓖ নিবু নিবু দীপ
ⓘ ঝড়ের কাঁপন

২৪. 'সেইদিন এই মাঠ' কবিতায় কোন সভ্যতার কথা বলা হয়েছে?
ⓚ মিশরীয় ⓛ এশিরীয়
ⓖ মায়াসভ্যতা ⓘ মহেঞ্জোদারো সভ্যতা

২৫. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি কাকে রাজা আখ্যায়িত করেছেন?
ⓚ কপোতাক্ষ নদকে ⓛ সাগরকে
ⓖ স্বদেশকে ⓘ বাঙালিকে

২৬. 'শহিদ জননী' কার উপাধি?
ⓚ সুফিয়া কামাল
ⓛ জাহানারা ইমাম
ⓖ সেলিনা হোসেন
ⓘ রোকেয়া সাখাওয়াত হোসেন

২৭. নববর্ষ উদ্‌যাপন রীতিতে বৈচিত্র্য আসার কারণ কী?
ⓚ বাঙালির পরিবর্তনশীলতা
ⓛ ঐতিহ্যের পালাবদল
ⓖ সময়ের বিবর্তন
ⓘ প্রকৃতির তারতম্য

২৮. 'রাহী' শব্দের অর্থ কী?
ⓚ পথপ্রদর্শক
ⓛ মুসাফির
ⓖ সাথী ⓘ বন্ধু

২৯. গাঁয়ে মানে না আপনি মোড়ল'— নিচের কোনটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ?
ⓚ এক হাত কেল্লা বারহাত শিং
ⓛ কলাছুয়ে না কেটোপাতা
ⓖ আপনি বাঁচলে বাপের নাম
ⓘ মন মাঝি তোর বৈঠা নেরে

৩০. 'কোথায় পেলিরে দিদি' উক্তিটিতে অপুর যে দিকটি প্রকাশ পায়—
ⓚ আহ্লাদ ⓛ দুঃখ
ⓖ বন্ধন ⓘ আদর

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd24.com

https://teachingbd24.com